

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৮
কুমারঘাট, ১৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কুমারঘাট মহকুমায় ইভিএম কমিশনিং

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে গতকাল কুমারঘাটের পাবিয়াছড়া কলোনী হাই স্কুলে স্ট্রং রুমে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) কেন্দ্রের ৫০-পাবিয়াছড়া (এসসি) ও ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা ক্ষেত্রের ইভিএম কমিশনিং করা হয়েছে। এই দুটি বিধানসভা ক্ষেত্রের মোট ১১৩টি বুথের জন্য ৮টি করে মোট ১৬টি টেবিলে ইভিএম কমিশনিং করা হয়। এর মধ্যে ৫০-পাবিয়াছড়া (এসসি) বিধানসভা ক্ষেত্রের ৫৯টি বুথের জন্য মোট ৮৮টি এবং ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা ক্ষেত্রের ৫৪টি বুথের জন্য মোট ৮১টি ইভিএম কমিশনিং করা হয়েছে। ইভিএম কমিশনিং-এ সাধারণ অবজারভার শচীন্দ্র প্রসাদ সিং, জেলা নির্বাচন আধিকারিক তথা উনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা, এআরওগণ, কুমারঘাটের বিডিও ডা. সুদীপ ভৌমিক, ডিসিএম অভিজিৎ কুমার দাস সহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এদিকে আগামীকাল ও ১৮ এপ্রিল এই দু'টি বিধানসভা ক্ষেত্রের ৮৫ বছরের উর্ধ্ব ও দিব্যাঙ্গজন ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহণ করা হবে।
